বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯২৪

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

বিষয়: স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত ভাড়ার ২৫% ছাড় প্রদানের লক্ষ্যে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তন।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭৯; তারিখ: ০৫.১১.২০২৬
(২) রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং-৫৪.০০.০০০০.০০০.০৪১.১৮.০০০১.২৪.২৯২; তারিখ: ১৮.১০.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত ভাড়ার ২৫% ছাড় প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সুবিধা বাস্তবায়নের জন্য শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র থাকা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রযোজ্য মাদ্রাসাসমূহে শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৯/১১/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯২৪(১০)

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
৩. উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৬. জেলা শিক্ষা অফিসার (সকল);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৮. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. অফিস কপি।

০৯.১১.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯২৪

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

বিষয়: স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত ভাড়ার ২৫% ছাড় প্রদানের লক্ষ্যে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তন।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭৯; তারিখ: ০৫.১১.২০২৬
(২) রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং-৫৪.০০.০০০০.০০০.০৪১.১৮.০০০১.২৪.২৯২; তারিখ: ১৮.১০.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত ভাড়ার ২৫% ছাড় প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সুবিধা বাস্তবায়নের জন্য শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র থাকা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রযোজ্য মাদ্রাসাসমূহে শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৯/১১/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯২৪(১০)

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
৩. উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৬. জেলা শিক্ষা অফিসার (সকল);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৮. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. অফিস কপি।

০৯.১১.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়েরী নং- ৪৩৯৮
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭৯

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩
০৫ নভেম্বর ২০২৬

বিষয়: স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের জন্য পর্যায়ক্রমে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তন সংক্রান্ত।

সূত্র: রেলপথ মন্ত্রণালয়ের নম্বর ৫৪.০০.০০০০.০০০.০৪১.১৮.০০০১.২৪.২৯২; ১৮ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, নির্বাচনী ইশতেহারে বর্ণিত রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি নিয়ে গত ০৩ মার্চ ২০২৬ তারিখে প্রধানমন্ত্রীর কর্তৃক রেল পরিবহন ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনার রেকর্ড নোটস্ এর ক্রমিক নং ১(গ) অনুযায়ী বাংলাদেশ রেলওয়েতে রেল ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পঁয়ষট্টি) বছরের অধিক বয়স্ক ব্যক্তির এবং স্বল্প দূরত্বের কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে টিকিট মূল্যের ২৫% ছাড়ের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। তন্মধ্যে বাংলাদেশ রেলওয়েতে রেল ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পঁয়ষট্টি) বছরের অধিক বয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে ২৪ মে ২০২৬ তারিখে ৪০ নং স্মারকমূলে নির্ধারিত ভাড়ার উপর ২৫% রেয়াত প্রদান করা হয়। স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র না থাকায় টিকিট ক্রয়ের ক্ষেত্রে টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না।

০২। এমতাবস্থায়, স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিটে নির্ধারিত টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের নিমিত্ত ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের জন্য এ বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং দপ্তর-সংস্থার প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: রেলপথ মন্ত্রণালয়ের পত্র

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৪৭৫
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপঃ/পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
০৬/১১/২৬

সংযুক্তিঃ
(১) রেলপথ মন্ত্রণালয়ের পত্র

০৫-১১-২০২৬
মোঃ আব্দুল হান্নান
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
উপ-রেজিস্ট্রার (প্রশাসন) এর দপ্তর
ডাইরি নং-
তারিখ-
হিসাব রক্ষণ কর্মকর্তা
উপ-সহকারী প্রকৌশলী
সেকশন অফিসার (সংস্থাপন)
ডি/এ কমিটি
ডি/এ সংস্থাপন
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক [যুগ্মসচিব] ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩
০৫ নভেম্বর ২০২৬

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭৯/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয় [দৃ:আ: সিনিয়র সহকারী সচিব]।
২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। অফিস কপি।

০৫-১১-২০২৬
মোঃ আব্দুল হান্নান
উপসচিব

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরী নং: ৬৯১৪ তারিখ: ২৬/১০/২৬
অতি. সচিব (প্রশাসন ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা)
অতি. সচিব (কারিগরি) | যুগ্মসচিব (পরি. ও উন্ন. ১/২)
অতি. সচিব (মাদ্রাসা) | যুগ্মসচিব
অতি. সচিব (উন্নয়ন) | উপসচিব
অতি. সচিব (অডিট ও আইন) | সি.সহকারী সচিব/সহকারী সচিব
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/২/৩)
যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-১/২)
সচিব

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা
www.mor.gov.bd
৪/৩ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০০.০৪১.১৮.০০০১.২৪.২৯২

তারিখ: ২ কার্তিক ১৪৩৩
১৮ অক্টোবর ২০২৬

বিষয়: **স্বল্প দুরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের জন্য পর্যায়ক্রমে ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তন সংক্রান্ত।**

সূত্র: ১। নির্বাচনী ইশতেহার-২০২৬।
২। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্র নং- ০৩.০০.০০০০.০৭২.২৭.০০১.২৬.০৩, তারিখ: ১৬.০৩.২০২৬।
৩। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্র নং-০৩.০৩.২৬৯০.০৯২.০০০.১৬.০০৩.১০৬, তারিখ: ০৫.১০.২০২৬।
৪। রেলপথ মন্ত্রণালয় পরিপত্র নং- - ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০১.২৪.৪০, তারিখ: ২৪.০৫.২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, নির্বাচনী ইশতেহারে বর্ণিত রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি নিয়ে গত ০৩ মার্চ ২০২৬ তারিখে প্রধানমন্ত্রীর কর্তৃক রেল পরিবহন ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনার রেকর্ড নোটস্ এর ক্রমিক নং ১(গ) অনুযায়ী বাংলাদেশ রেলওয়েতে রেল ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পঁয়ষট্টি) বছরের অধিক বয়স্ক ব্যক্তির এবং স্বল্প দূরত্বের কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিট ক্রয়ের ক্ষেত্রে টিকিট মূল্যের ২৫% ছাড়ের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। তন্মধ্যে বাংলাদেশ রেলওয়েতে রেল ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পঁয়ষট্টি) বছরের অধিক বয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে ২৪ মে ২০২৬ তারিখে ৪০ নং স্মারকমূলে নির্ধারিত ভাড়ার উপর ২৫% রেয়াত প্রদান করা হয়। **স্বল্প দুরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের ইউনিফাইড পরিচয়পত্র না থাকায় টিকিট ক্রয়ের ক্ষেত্রে টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না।**

উল্লেখ্য, সরকারের ফ্যাগশিপ কর্মসূচি এবং নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার আলোকে ২০২৬-২৭ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক এ বিষয়টি বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।

০২। এমতাবস্থায়, স্বল্প দূরত্বে কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকিটে নির্ধারিত টিকিট মূল্যের ২৫% ছাড় প্রদানের নিমিত্ত ইউনিফাইড পরিচয়পত্র প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহঃ
(১) নির্বাচনী ইশতেহার-২০২৬।
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র
(৩) পরিবীক্ষণ ড্যাশবোর্ড
(৪) পরিপত্র

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডায়েরী নং- ৩৫৫৯
তারিখ 27 OCT 2026
স্বাক্ষর

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ২৫৭
তারিখ: ২৮/১০/২৬
☑ উপসচিব/সি:সহকারী সচিব (সদ্বনয়)
☐ উপসচিব/সি:সহকারী সচিব (মৎসদ)
☐ সি:এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
☐ ব্যাক্তিগত কর্মকর্তা
☐ অন্যান্য

১৯-১০-২০২৬
নাসরিন
সিনিয়র সহকারী সচিব
ইমেইল : admin6@mor.gov.bd

শাখাপ্রধান (সমন্বয়)
দেখলাম, ১০ (দশ) পৃ.।
জরুরীভিত্তিতে ডিলেমিতে পেশ করুন।
২৮.১০.২০২৬
আনিসুল ইসলাম (১৫০৯৩)
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চলমান পাতা - ১/২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), ইউজিসি ভবন, প্লট ই-১৮/এ, আগারগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০০.০৪১.১৮.০০০১.২৪.২৯২/১ (৫)

তারিখ: ২ কার্তিক ১৪৩৩
১৮ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে।
২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়।

১৯-১০-২০২৬
নাসরিন
সিনিয়র সহকারী সচিব

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
তারিখ

সবার আগে বাংলাদেশ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনী ইশতেহার

২০২৬



বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি

পদ্মা ও মেঘনা নদীতে পর্যায়ক্রমে আন্ডারগ্রাউন্ড টানেল নির্মাণ করে উভয় পাড়ের চলাচল আরও সহজ, গতিময় ও নিরাপদ করা হবে। যমুনা নদীর পুরাতন ভূপন্নাথগঞ্জ ঘাট এলাকায় আন্ডার গ্রাউন্ড টানেল নির্মাণ করে সিরাজগঞ্জের সাথে সংযুক্ত করা হবে। বঙ্গোপসাগরকে আন্তর্জাতিক বাণিজ্য ও পরিবহন প্রবাহের কৌশলগত কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে।

আধুনিক 'ওয়াটার হাইওয়ে' রূপান্তর: বিশেষ নদীপথকে উচ্চ-ফ্রিকোয়েন্সির 'ওয়াটার হাইওয়ে' হিসেবে ঘোষণা করা হবে এবং নারায়ণগঞ্জ, চাঁদপুর, বরিশাল, খুলনা, চট্টগ্রাম, হাতিয়া, স্বন্দীপের মতো কেন্দ্রে আধুনিক রিভার পোর্ট ও ইন্টারমোডাল টার্মিনাল নির্মাণ করা হবে।

উপকূলীয় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন: উপকূলীয় এলাকায় বিভিন্ন দ্বীপসমূহের সাথে মূল ভূ-খণ্ডের যোগাযোগ ব্যবস্থা নিরাপদ ও সুগম করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করা হবে এবং প্রয়োজনীয় সংখ্যক উপকূলীয় জাহাজ ও ফেরী চালু করা হবে।

নৌ-পথে শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিতকরণ: নদী পরিবহনে শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নীতিমালা, তদারকি ও প্রয়োগ কাঠামো শক্তিশালী করা হবে। ঢাকাসহ নদীঘেঁষা প্রধান শহরসমূহে চাহিদা ও ভৌগোলিক সম্ভাবনার ভিত্তিতে নতুন যাত্রী ও পণ্য টার্মিনাল স্থাপন করা হবে।

গ. রেল যোগাযোগ ব্যবস্থা

আভ্যন্তরীণ ও আঞ্চলিক রেল যোগাযোগ সম্প্রসারণ: রেলকে জাতীয় পরিবহনের কেন্দ্রীয় মেরুদণ্ড হিসেবে পুনরুজ্জীবিত করা হবে। ঢাকা-চট্টগ্রাম, ঢাকা–পঞ্চগড়, ঢাকা-চাঁপাইনবাবগঞ্জ করিডোরে বিদ্যুতায়ন ও ডাবল-লাইন নির্মাণকে জাতীয় মিশন হিসেবে নেওয়া হবে। দেশের সকল জেলা ও প্রধান শহরসমূহকে একটি সমন্বিত রেল নেটওয়ার্কের আওতায় নিয়ে আসা হবে। ঢাকা ও অন্যান্য মহানগরে মনোরেল, মেট্রোরেল, বৃত্তাকার কমিউটার লাইন প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। আঞ্চলিক সংযোগ জোরদারে মিয়ানমার হয়ে ঢাকা-কুনমিং রেল সংযোগকে অগ্রাধিকার দেওয়া হবে।

এক্সপ্রেস সার্ভিস বৃদ্ধি ও রেলপরিচালনার আধুনিকায়ন: প্রধান প্রধান আন্তঃনগর রুটে আরো অধিক সংখ্যক এক্সপ্রেস সার্ভিস চালু করা হবে।

সরকারি-বেসরকারি অংশীদারিত্ব উৎসাহিতকরণ: যাত্রী ও মালবাহী করিডোর ও নগর রেল ব্যবস্থায় সরকারি-বেসরকারি অংশীদারিত্ব উৎসাহিত করে অবকাঠামো ও সেবার মান উন্নত করা হবে। নিরাপত্তা, দক্ষতা ও নিয়মশৃঙ্খলা নিশ্চিত করার জন্য স্মার্ট মনিটরিং ব্যবস্থা চালু করা হবে।

মেট্রোরেল ও দূরপাল্লার পরিবহনে শিক্ষার্থী, প্রতিবন্ধী ও ৬০ বছরের অধিক বয়স্কদের জন্য বিশেষ ছাড়: মেট্রোরেল এবং দূরপাল্লার সকল পরিবহনে শিক্ষার্থী, প্রতিবন্ধী ও ৬০ বছরের অধিক বয়স্কদের জন্য বিশেষ ছাড় প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

বুলেট ট্রেন সংযোগ স্থাপন: পর্যায়ক্রমে এক ঘন্টার মধ্যে রাজধানী ঢাকাকে প্রধান আঞ্চলিক শহরগুলোর সাথে যুক্ত করার লক্ষ্যে উচ্চগতির রেল নেটওয়ার্ক (বুলেট ট্রেন) সংযোগ গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হবে।

ঘ. বিমান পরিবহন ব্যবস্থা

এভিয়েশন হাবে রূপান্তর: ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম প্রধান এভিয়েশন হাবে রূপান্তর করার লক্ষ্যে দেশব্যাপী জাতীয় এয়ার কানেকটিভিটি গ্রিড তৈরি করা হবে, যেখানে প্রাথমিকভাবে বিভাগীয় শহর ও পর্যায়ক্রমে জেলা শহরগুলোকে সংযুক্ত করতে ছোট বিমানবন্দর ও এয়ারস্ট্রিপ নির্মাণ করা হবে।

নিরাপদ কার্গো সেবা নিশ্চিতকরণ: ঢাকা, চট্টগ্রাম ও সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরকে পূর্ণাঙ্গ লজিস্টিক ও মাল্টী হাবে উন্নীত করা হবে। কক্সবাজার, যশোর, রাজশাহী ও সৈয়দপুরে আন্তর্জাতিক গেটওয়ে গড়ে তোলা হবে। একীভূত কার্গো ট্র্যাকিং, বুকিং ও রুট পরিকল্পনার জন্য জাতীয় লজিস্টিক ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করা হবে। বিমানবন্দরগুলোতে নবায়নযোগ্য শক্তি ব্যবহার উৎসাহিত করা হবে।

হয়রানিমুক্ত যাত্রী সেবা নিশ্চিতকরণ: দেশের সকল বিমানবন্দরে নিরাপদ, সম্মানজনক ও হয়রানিমুক্ত যাত্রীসেবা নিশ্চিত করা হবে। টিকিট কালোবাজারি, জালিয়াতি ও অবৈধভাবে অর্থ আত্মসাৎ রোধ করা হবে।

বিমানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণতকরণ: জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে বাংলাদেশ এয়ারলাইন্সকে লাভজনক ও প্রতিযোগিতাসক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে পরিচালন কাঠামো, রুট ব্যবস্থাপনা এবং সেবার মানে কাঠামোগত সংস্কার আনা হবে। আন্তর্জাতিক রুটে প্রবেশাধিকার বৃদ্ধির জন্য দ্বিপাক্ষিক চুক্তি সম্প্রসারণ করা হবে।

বেসরকারি এয়ারলাইনসমূহকে নীতিগত সহায়তা প্রদান: বেসরকারি এয়ারলাইনসমূহকে নীতিগত সহায়তা প্রদান করে আন্তর্জাতিক বাজারে প্রবেশে ও প্রতিযোগিতায় উৎসাহিত করা হবে। এভিয়েশন প্রযুক্তি এবং কার্গো খাতে বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে এবং এই সেক্টরে দুর্ঘটনা রোধে যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এভিয়েশন শিক্ষায় গুরুত্বারোপ: দেশের এভিয়েশন বিশ্ববিদ্যালয়গুলোকে আধুনিকায়ন ও সম্প্রসারণ এবং দেশীয় এভিয়েশন খাতে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।

সুনীল অর্থনীতি

বিএনপি দেশের অপার সম্ভাবনাময় সমুদ্রসম্পদের বিজ্ঞানভিত্তিক টেকসই ব্যবহার নিশ্চিত করবে। এর মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, খাদ্য নিরাপত্তা, জলবায়ু সহনশীলতা অর্জন করার লক্ষ্যে সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা, সমুদ্রভিত্তিক শিল্প ও প্রযুক্তির উন্নয়ন, জীববৈচিত্র্য রক্ষা ও সামুদ্রিক পরিবেশ সংরক্ষণ, উপকূলীয় জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, গবেষণা এবং উদ্ভাবনে গুরুত্বারোপ করা হবে।

খাদ্য, জ্বালানি ও কর্মসংস্থানের গুরুত্বারোপ: সুনীল অর্থনীতিকে

রেলপথ মন্ত্রণালয়, সচিবের দপ্তর	
অতিরিক্ত সচিব- প্রশা:/উন্ন:/পরি:/বাজেট/অডিট/আইন	
যুগ্মসচিব- প্র:-১/প্র:-২/উন্ন:/পরি:/বাজেট/অডিট/আইন/ভূমি	
একান্ত সচিব/কাউন্সিল অফিসার/ডিজি-বিআর	
নথিতে উপস্থাপন করুন	ডায়েরী নং ৭২৪
প্রয়োজনীয় ব্যবস্থা নিন	তারিখ ১৬/৩/২৬
আলোচনা করুন	
সচিবের স্বাক্ষর	১৬ মার্চ,২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

নথি নং ০৩.০০.০০০০.০৭২.২৭.০০১.২৬-০৩

০২ চৈত্র, ১৪৩২

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর সাথে রেল পরিবহন ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনার রেকর্ড নোটস।

উপর্যুক্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত রেকর্ড নোটসটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২ (দুই) পাতা।

১৬/৩/২০২৬

(ড. কে এম আলমগীর কবীর)
পরিচালক-৫ (প্রতিকল্প)
ফোনঃ ৫৫০২৯৪২৫
E-mail:dir5@cao.gov.bd

সচিব
রেলপথ মন্ত্রনালয়
রেলভবন
১৬ আব্দুল গনি রোড,ঢাকা।

অনুলিপি:
১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ সচিবালয়

বিষয়: প্রধানমন্ত্রীর সাথে রেল পরিবহন ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনার রেকর্ড নোটস।

৩ মার্চ ২০২৬ তারিখে রেল পরিবহন ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সাথে অনুষ্ঠিত আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনাসমূহ:

১. বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের **১৮০ দিনের মধ্যে** সরকারের নির্বাচনী ইশতেহার-এ বর্ণিত রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত অঙ্গীকার বাস্তবায়নের জন্য বাস্তবায়নযোগ্য কার্যক্রমসমূহ দৃশ্যমান করতে হবে; এ বিষয়ে বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থান নিশ্চিত করতে হবে।

ক. ঢাকা-পাবনা-ঢাকা ও ঢাকা-খুলনা-ঢাকা রুটে দুইটি নতুন আন্তঃনগর ট্রেন পরিচালনা শুরু করতে হবে।

খ. বাংলাদেশ রেলওয়ের অকেজো ও অব্যবহৃত ডেমু ট্রেনকে ব্যবহার উপযোগী কমিউটার ট্রেন-এ রূপান্তরের লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন করে প্রত্যেককে ০১ (এক) টি করে ডেমু ট্রেনকে ব্যবহার উপযোগী করতে হবে এবং এর মাঝে সর্বোত্তম পারফরমেন্স বিবেচনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশিষ্ট ডেমু ট্রেন ব্যবহার উপযোগী করার কাজ প্রদান করতে হবে।

গ. বাংলাদেশ রেলওয়েতে রেল ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ বছরের অধিক বয়স্ক ব্যক্তির এবং স্বল্প দূরত্বের কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের টিকেট ক্রয়ের ক্ষেত্রে টিকেট মূল্যের ২৫% ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. **আগামী অর্থবছরের (২০২৬-২৭) মধ্যে** বর্তমান সরকারের রেল যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন দর্শনের সাথে সঙ্গতিপূর্ণ কার্যক্রম সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং সেগুলো বাস্তবায়নের জন্য বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থান নিশ্চিত করতে হবে।

৩. বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-এ বর্ণিত রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত অঙ্গীকার বাস্তবায়নের জন্য অগ্রাধিকারমূলক কার্যক্রম সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং সেগুলো **২০৩০ সালের মধ্যে** বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪. আলোচনাকালে তাৎক্ষণিকভাবে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রদান করা হয়:

ক. বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান কারখানাগুলোতে নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রম ছাড়াও Assembling সুবিধা সংযোজন করা লক্ষ্যে 'Modernization and Capacity Enhancement of Saidpur Railway Workshop with Assembling Facilities' শীর্ষক প্রকল্প ও 'Modernization of existing infrastructure Central Locomotive Workshop (CLW) and establishment of a new unit with assembling facilities' শীর্ষক প্রকল্প দুইটির অনুকূলে অনুমোদিত PDPP এর আলোকে অর্থায়নের বিষয়টি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর মাধ্যমে নিশ্চিত করতে হবে।

খ. স্থানীয়ভাবে লোকোমোটিভ ও ক্যারেজ উৎপাদনের সক্ষমতা অর্জনের লক্ষ্যে রেলের নিজস্ব জমিতে Manufacturing Plant স্থাপনে বিদেশি বিনিয়োগ/বেসরকারি অংশীদারিত্ব আহবান/উৎসাহিত করতে হবে। তাছাড়া, রক্ষণাবেক্ষণ সক্ষমতা বৃদ্ধির জন্য রেলওয়ে ওয়ার্কশপগুলো আধুনিকায়ন করার পাশাপাশি লোকোমোটিভ রক্ষনাবেক্ষণের জন্য Service Contract করতে হবে।

গ. ঢাকা থেকে চট্টগ্রাম রেল করিডোরে রেলযাত্রার সময় ৪ ঘন্টায় কমিয়ে আনার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ঢাকা থেকে টঙ্গী এবং আখাউড়া থেকে লাকসাম সেকশনের মোট ৯৪ কি.মি. ডাবল লাইন রেল ট্র্যাক মিটারগেজ হতে ডুয়েলগেজ-এ রূপান্তরিত হলেও টঙ্গী-আখাউড়া এবং লাকসাম-চট্টগ্রাম সেকশনের ২২৭ কি.মি. ডাবল লাইনকে এখনও ডুয়েলগেজ রূপান্তর করা হয়নি। আগামী ৪(চার) বছরের মধ্যে ঢাকা-চট্টগ্রাম করিডোরের এই দুইটি মিসিং লিঙ্কের ২২৭ কি.মি. রেল ট্র্যাক নির্মাণ কাজ সম্পন্ন করে সম্পূর্ণ করিডোর অভিন্ন ডুয়েলগেজ ডাবল লাইনে রূপান্তর করে ট্রেন পরিচালনা করতে হবে।

ঘ. যাত্রী চাহিদা বিবেচনায় বাংলাদেশ রেলওয়ের জনপ্রিয় রুটে বিদ্যমান ট্র্যাক বেসরকারি পর্যায়ে ভাড়া প্রদানের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ প্রক্রিয়ায়বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান ট্রেন সার্ভিস বহাল থাকার পাশাপাশি প্রচুর সংখ্যক বেসরকারি ট্রেন চালুর সুযোগ সৃষ্টি হতে পারে। এতে মূলধনজনিত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে যাত্রীসেবা যেমন বৃদ্ধি পাবে তেমনি বেসরকারি খাতে নতুন ব্যবসার ক্ষেত্রও সৃষ্টি হবে। পরীক্ষামূলকভাবে ঢাকা থেকে কক্সবাজার পর্যন্ত সবচেয়ে জনপ্রিয় এই রুটে এই ব্যবস্থা গ্রহণ করতে হবে যেখানে বেসরকারি অংশীদার প্রয়োজনীয় রোলিংস্টক সংগ্রহ ও রেল পরিচালনা করবে। বাংলাদেশ রেলওয়ে ট্র্যাক ব্যবহারজনিত রয়্যালটি প্রাপ্য হবে।

ঙ. ঢাকা শহরের যানজট কমিয়ে আনার জন্য ঢাকা-টঙ্গী সেকশনের গুরুত্বপূর্ণ লেভেল ক্রসিং-এর স্থলে আন্ডারপাস/ওভারপাস নির্মাণ করতে হবে।

চ. সড়কপথের উপর নির্ভরশীলতা কমিয়ে রেলপথে যাত্রী ও পণ্য পরিবহন বৃদ্ধির লক্ষ্যে প্রণীত খসড়া মাস্টারপ্ল্যান- National Integrated Multimodal Transport Sector Master Plan of Bangladesh -এ বর্ণিত বিষয়গুলির মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, নৌপথ মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে বিষয়সমূহ ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নযোগ্য সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, নৌপথ মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী সেগুলো চিহ্নিত করে সময়াবদ্ধ পরিকল্পনার মাধ্যমে তা বাস্তবায়নের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

07-06-24

তারেক রহমান
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়, সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব- প্রশাসন/উন্নয়ন/পরিচালক/বাজেট/অডিট/আইন
যুগ্মসচিব- প্রশাসন-১/প্রশাসন-২/উন্নয়ন/পরিচালক/বাজেট/অডিট/আইন/ভূমি
প্রকাশ্য সচিব/কার্যালয় অধিকার/ডিজিটেরিয়ার
নথিতে উপস্থাপন করুন | ডায়েরী নং ৫০১৮
প্রয়োজনীয় ব্যবস্থা নিন | তারিখ ৫/১০/২৬
আলোচনা করুন
সচিবের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০৩.২৬৯০.৭৯২.০০০.১৬.০০৩-১১৬

তারিখ ২০ আশ্বিন ১৪৩৩
৫ অক্টোবর ২০২৬

বিষয়: 'ইশতেহার বাস্তবায়ন পরিবীক্ষণ ড্যাশবোর্ড' বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) কর্তৃক বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন পরিবীক্ষণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য একটি ড্যাশবোর্ড প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) এ কার্যক্রমে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করছে। সরকারের ফ্ল্যাগশিপ কর্মসূচি এবং নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার আলোকে উক্ত ড্যাশবোর্ডে অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়ভিত্তিক উল্লেখযোগ্য কার্যক্রমের সূচক, প্রদানযোগ্য তথ্য, একক প্রভৃতির তালিকা প্রণয়ন করা হয়েছে (সংযুক্ত)। উক্ত তালিকাটি চূড়ান্তকরণ, তথ্য প্রদান এবং ড্যাশবোর্ডটির বিষয়ে ধারণা প্রদানের লক্ষ্যে **আগামী ১৩ অক্টোবর ২০২৬ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে** দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ, প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা এবং ইউনিট চিফ, গভর্নেন্স ইনোভেশন ইউনিট।

২। এমতাবস্থায়, উক্ত কর্মশালায় **সংযুক্ত ছকটি পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদিসহ (ইশতেহারের আলোকে ইতঃপূর্বে প্রণীত কর্মপরিকল্পনা, লক্ষ্যমাত্রা, অর্জন প্রভৃতি) আপনার মন্ত্রণালয়/বিভাগের দুইজন প্রতিনিধি** (কর্মপরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা এবং ভবিষ্যতে ড্যাশবোর্ডে তথ্য প্রদানের জন্য মনোনীত একজন উপযুক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

৫/১০/২০২৬
(মোঃ নাভিদ রেজওয়ানুল কবীর)
উপপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়
মোবাইল ফোন: ০১৭৪৩৯৪৫৯৪৪
ই-মেইল: nrkplanning@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. সচিব, রেলপথ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০।
৬. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, সেতু বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
রেলপথ মন্ত্রণালয়
যুগ্মসচিব (প্রশাসন-১/২)
উপসচিব (প্রশাসন অধিশাখা-১/২)
উপসচিব (প্রশাসন-১/২/৩/৪/৫/৬)
সি. সহ. সচিব (প্রশাসন-১/২/৩/৪/৫/৬)
হিসাবরক্ষণ কর্মকর্তা
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরি নং- ২৪৮৫
তারিখ: ০৬/১০/২৬
স্বাক্ষর:
৫/১০/২৬

যুগ্মসচিব (পরিকল্পনা) এর দপ্তর
রেলপথ মন্ত্রণালয়
উপসচিব (পরিকল্পনা)-১/২/৩/৪
সি. সহ. সচিব/সহ. সচিব (পরিকল্পনা)-১/২/৩
ডায়েরি নং- ৫৫৬
স্বাক্ষর:
০৭/১০/২৬

রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা।
ডায়েরী নং ৩০২
প্রাপ্তির তারিখ: ৭-১০-২৬

CamScanner

১৪ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫ সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬ সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭ সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮ সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯ সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০ সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১ সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার,আগারগাঁও, ঢাকা-১২০৭।
২২ সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩ সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪ সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭ মহাপরিচালক (জিআইইউ), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২৮ মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২৯ মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩০ পরিচালক, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩১ পরিচালক-৬, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩২ পরিচালক (প্রশাসন) , প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৩ উপপরিচালক (সকল), জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, শের-এ-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর উপদেষ্টা, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. পরিচালক (অপস), এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (আমন্ত্রিত অতিথিগণের গাড়িসহ প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)
৪. মুখ্য সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত (ই.এম/সিভিল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. সিনিয়র প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. কমন সার্ভিস প্রটোকল অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (সভায় আপ্যায়নে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ এবং ৪ নম্বর গেইট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক (জিআইইউ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা
www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০১.২৪.৪০

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৪ মে ২০২৬

পরিপত্র

বিষয়: বাংলাদেশ রেলওয়ের যাত্রীসেবায় ৬৫ বয়সোর্ধ্ব ও শারিরীক প্রতিবন্ধী যাত্রীদের জন্য নির্ধারিত ভাড়ার ওপর ছাড় প্রদান।

সরকার রেল পরিবহন ব্যবস্থাকে অধিকতর জনবান্ধব, সহজলভ্য ও অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েতে ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পয়ষট্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তির টিকিট ক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে টিকিট মূল্যের ওপর ২৫% ছাড় প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক্র.নং	শর্তসমূহ	
	৬৫ (পয়ষট্টি) বছর বা এর অধিক বয়স্ক ব্যক্তি	**প্রতিবন্ধী ব্যক্তি**
১	ব্যক্তির বয়স অবশ্যই ৬৫ বছর বা তদূর্ধ্ব হতে হবে, যা জাতীয় পরিচয়পত্র (NID) ডেটা হতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে।	রেল ভ্রমণের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন 'সুবর্ণ' পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিগণকে এ সুবিধার আওতায় রাখা হবে।
২	শুধুমাত্র ভিত্তি মূল্যের ওপর ২৫% ছাড় প্রযোজ্য হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে।	আন্তঃনগর ট্রেনের সুলভ/শোভন শ্রেণীতে এবং যেসব ট্রেনে সুলভ/শোভন শ্রেণী নাই সেসব ট্রেনে শোভন চেয়ার শ্রেণীর মোট ভাড়ার ওপর বিদ্যমান সুবিধা অনুযায়ী ৫০% এবং নতুন করে সকল শীতাতপ শ্রেণীতে ২৫% ছাড়/ রেয়াত প্রদান করা হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে।
৩	এই ছাড় সুবিধা অনলাইন এবং কাউন্টার টিকিটিং—উভয় মাধ্যমেই প্রযোজ্য হবে।	এই ছাড় সুবিধা আপাতত: স্টেশন কাউন্টারে টিকিট ইস্যুর ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন সাপেক্ষে পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বাংলাদেশ রেলওয়ের অনলাইন টিকিট ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪	ব্যবহারকারীকে অবশ্যই বাংলাদেশ রেলওয়ের সিস্টেমে নিবন্ধিত হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র (NID) ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।	পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তির সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে।
৫	একজন ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তিকে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২ (দুই) বার ২৫% ছাড় সুবিধা প্রদান করা হবে। এ ক্ষেত্রে সপ্তাহ গণনা যাত্রার তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।	

৬	যদি কোনো ডিসকাউন্টেড টিকিট রিফান্ড করা হয়, তাহলে সেই অর্ডারটি সাপ্তাহিক গণনা থেকে বাদ যাবে এবং ব্যবহারকারী একই সপ্তাহে পুনরায় ছাড় পাওয়ার যোগ্যতা অর্জন করবেন।	-
৭	যদি কোনো ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি সহযাত্রীসহ বুকিং করেন, সে ক্ষেত্রে— • সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে। • যদি সহযাত্রীও ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি হন, তাহলে প্রতি বুকিংয়ে সর্বোচ্চ ১ (এক) জন অতিরিক্ত ৬৫ (পয়ষট্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি (সহযাত্রী) ডিসকাউন্ট প্রাপ্য হবেন। তবে সংশ্লিষ্ট সহযাত্রীকে নিজস্ব নিবন্ধিত মোবাইল নম্বর দিয়ে আলাদাভাবে ভেরিফাইড হতে হবে।	-

০২। আগামী ২৫ মে ২০২৬ তারিখ হতে এ পরিপত্র কার্যকর হবে।

২৪/০৫/২০২৬

(দিপন দেবনাথ)
সিনিয়র সহকারী সচিব
+৮৮০১৩২৫-০৮৭৩৬৩
admin6@mor.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ/ সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৪. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/ অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৫. মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮. উপ-পরিচালক, বাংলাদেশ ফর্মস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ);
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।